## সম্পাদকীয়

যনঘোর বর্ষার দিগন্তবিস্তৃত কৃষ্ণ মেঘরাজি অবশেষে অপসৃত । অমল নীল আকাশে সাদা মেঘের মেলা । রোদ্দুরে কাঁচা সোনার আভাস-বাতাসে আগমনীর সুর । চিশ্নয়ী মা মৃশ্নয়ীরূপে আসছেন । আদ্যাশক্তিরূপিনী দেবী দুর্গা নানারূপে ভক্তমানসে প্রকটিত হন । দেবী পার্বতী নবদুর্গারূপে যোগসাধনমার্গের নবক্রমকে অতিক্রম করে আপন স্বরূপ জ্ঞাত হয়ে শিবকে নিত্যস্বরূপ লাভ করেন । আবার অনন্তরূপিনী মায়ের নবদুর্গা রূপ যুগে যুগে সাধকগণ নিজ অন্তরে উপলব্ধি করে মা জগদম্বার কৃপায় নিত্যসিদ্ধ হন । তাই আদ্যাশক্তির কৃপা বাঞ্ছনায় আমরা এ'বছর আমাদের আশ্রমে নবদুর্গার আরাধনায় ব্রতী হয়েছি ।

মহালয়ার পুণ্য লগ্নে আমরা শ্রদ্ধাবনত হই সেইসব মহানুভব ব্রহ্মর্মি পুরুষদের চরণে যাঁরা যুগ-যুগান্ত লোকচক্ষুর অন্তরালে থেকে তাঁদের কৃপায় ও আধ্যাত্মিক ভাবধারায় আমাদের সিঞ্চিত করেন-তাঁরা সনাতন ধর্মের ধারক ও বাহক। আধ্যাত্মিক চেতনার স্পম্দন আমাদের হৃদয়ে সদা জাগ্রত করে সৎকর্ম ও সৎ চেতনায় আমাদের ব্রতী রাখেন। তাঁরা সদগুরু - জগৎগুরু।

আমাদের গুরু পরম্পরায় সেই মহাগুরু হলেন মহাবতার শ্রীশ্রীবাবাজী মহারাজ। পরম করুণাময় তিনি আমাদের সমষ্টিগত প্রারদ্ধকে ধারণ করে মানবগোষ্ঠীকে ব্রহ্মনিবানের মার্গদর্শন প্রদান করেন। ''ভর্গজ্যোতি''-র এই আগমনী সংখ্যাটি এই যুগাবতারের উদ্দেশ্যে নিবেদিত। শ্রীশ্রী শারদীয়া পূজার পুণ্য তিথিতে বিশ্বের সকল ক্রিয়াহ্নিক মানব এই মহাবতারের শ্রীচরণারবিন্দে পুস্পাঞ্জলি প্রদান করে কতার্থ হই।।



অখন্ড মহাপীঠে প্রতিষ্ঠিত শ্রীশ্রী গুরুমহারাজদের শ্রীবিগ্রহাদি। যথাক্রমে (বামদিক থেকে) আমাদের শ্রীশ্রীবাবা, শ্রী হনুমানজী, শ্রীশ্রীবাবাজী মহারাজ, শ্রীশ্রী নাঙ্গাবাবা ও শ্রীশ্রী শ্যামাচরণ লাহিড়ী মহাশয়

## **Editorial**

The dark clouds of monsoon have finally lifted their menacing veil, revealing azure blue vastness of the sky. Milk white rainless clouds are flitting aimlessly from one nook to another; sunlight has started to assume a golden hue. An aura of welcome hangs bewitchingly in the air. Nature heralds the earthly advent of the Supreme Mother.

Supreme Mother ("Adyashakti") Durga manifests Herself in many forms in the minds of devotees. Devi Parvati transcended nine stages of yogic penance ("sadhana"), assuming nine different embodiments, in the path of Her self-realization to win over Shankara as Her eternal consort. Saints through the ages have been able to comprehend these nine forms of Devi Durga in their minds towards attainment of self-realization. We feel ourselves privileged to humbly organize the worship of "Nava Durga" (the nine divine embodiments of Devi Durga) at our Ashram premises this year to invoke the blessings of the Goddess.

On the auspicious moment of "*Mahalaya*", let us recall with reverence the holiness and magnanimity of those great saints who prefer to remain away from the public eye, yet bestow their blessings upon the mortals to guide them in their spiritual pursuits through the ages. They foster and vitalize the very essence of eternal truth. They kindle the flicker of spiritual yearning amongst the mortals to enthuse them in noble work and thoughts. These holy men are the supreme masters ("*Sadguru*") of the universe.

Mahavatar Babaji Maharaj, a fountain figure of our spiritual lineage. Out of his infinite compassion towards us, he absorbs the collective outcome of all endeavours of mankind and guides us to the goal of self-realization. This issue of "Bhargajyoti" is being dedicated to the lotus feet of this great saint.

Let all devotees in the realm of "*kriyayoga*" offer our devout obeisance to the holy feet of this "Mahamuni" on the auspicious occasion of Sree Sree Durga Puja, Navaratri festival and the foundation day of our Ashram at Shibrampur.